

কুড়িগ্রামে জেএসসির প্রশ্নপত্র ফাঁসের ঘটনায় আটক ও

■ কুড়িগ্রাম প্রতিমিথি
কুড়িগ্রামে জেএসসির ফাঁস হওয়া প্রশ্নপত্র নিয়ে ব্যঙ ফটোকপি করি দোকানগুলো। ইতোমধ্যে অনুষ্ঠিত বাংলা ও ইংরেজীর ৪টি পরীক্ষায় সাজেশন আকারে প্রায় ফাঁস হওয়া প্রশ্নপত্র হুবহু বিলে যাওয়ার শিক্ষার্থী, অভিভাবক, ছুপ ও কোচিংয়ের শিক্ষকরা ছুটেছেন এসব প্রশ্ন সংগ্রহে।

বৃহস্পতিবার রাত্রে কুড়িগ্রাম সদর উপজেলার কাঁঠালবাড়ী বাজার থেকে প্রশ্নপত্র ব্যবসায় জড়িত থাকার অভিযোগে ৩ জনকে আটক করে ডিবি পুলিশ। কুড়িগ্রামের জেলা প্রশাসক বোর্ড কর্তৃপক্ষকে অবহিত করলেও এখন পর্যন্ত কোন নির্দেশনা আসেনি।
জানা যায়, গত ৭ নভেম্বর জেএসসি পরীক্ষার ওরুর আগে

তেইসুর্বে জেডিসি, জেএসসি, এসএসসি, এইচএসসি এককল্পমুদ্রিত 'সাজেশন' নামে একটি পিঠে সাজেশন আকারে প্রশ্নপত্র পাওয়া যায়। পরে 'সকল বোর্ডের প্রশ্নপত্রকে ও সাজেশন' নামে অপর একটি পিঠে ব্যবহার করা হয়।

শিক্ষার্থীরা জানান, কথিত সাজেশন ইটানেট থেকে ডাউনলোড করে প্রথমে কিছুসংখ্যক কোচিং সেন্টারের শিক্ষক তাদের শিক্ষার্থীদের হাতে দেয়। প্রধান দিনের ইংরেজী প্রথমপত্রের পরীক্ষায় সেই 'সাজেশন' হুবহু বিলে যাওয়ায় সবাই মুখে মুখে ছড়িয়ে পড়ে প্রশ্নপত্র ফাঁসের কথা। শুরু হয় ব্যবসা। বৃহস্পতিবার অনুষ্ঠিত ইংরেজী দ্বিতীয়পত্রের পরীক্ষার প্রশ্নপত্রও ফাঁস হওয়া প্রশ্নের মাঝে হুবহু বিলে যায় বলে কয়েকজন পরীক্ষার্থী জানান।

শিক্ষার্থীরা জানান, সদর উপজেলার টপরাইঘাট উচ্চ বিদ্যালয়ের কয়েকজন শিক্ষক, দিনাই ইউনিয়নের দু'জন ইংরেজী প্রাইভেট টিউটর, কুড়িগ্রাম শহরের কদমলগঞ্জ এলাকার একটি কোচিং সেন্টারের মালিকসহ প্রত্যন্ত এলাকায় গত গত যুবক ছড়িয়ে পড়েছে এই প্রশ্ন ব্যবসায়।

নবীনগরে বিক্রি হচ্ছে জেএসসির প্রশ্নপত্র

■ নবীনগর (ব্রাহ্মণবাড়িয়া) মহোদয়
ব্রাহ্মণবাড়িয়ার নবীনগরে চন্দ্রমান জেএসসি পরীক্ষার প্রশ্নপত্র বিক্রি হচ্ছে। প্রতিটি প্রশ্নপত্রের দাম ৫০০ থেকে ১০০০ টাকা। শুক্রবার রাত্রে একটি চক্র পরিবার অনুষ্ঠিত জেএসসির 'সাধারণ বিজ্ঞান' ও রবিবার (১৭/১১) অনুষ্ঠিত হতে যাওয়া 'পবিত্র' পরীক্ষার প্রশ্ন বিক্রি করছে। রাত্রে প্রশ্নপত্রের ২টি কপি উপজেলা নির্বাহী কর্মকর্তার কাছে হস্তান্তর করা হয়। উপজেলা নির্বাহী কর্মকর্তা আবু শাহেদ চৌধুরী জানান, বিজ্ঞানের বিক্রিত প্রশ্নপত্রের মাঝে অনুষ্ঠিত পরীক্ষার বিজ্ঞান প্রশ্নের কোন বিল পাওয়া যায়নি।